দৈনিক খবর

05-OCT 1998
পৃষ্ঠা ১ কলাম ৮

৭৫

১০ লাখ টাকা আত্মসাৎ

# ঢাকা ভার্সিটির ৪ প্রকৌশলীসহ ৫ জনের সাজা

।। স্টাফ রিপোর্টার ।।

ঢাকা বিশ্ববিদ্যালয়ে ৪টি পাম্প সেট সরবরাহের ঘটনায় প্রায় ১০ লাখ টাকা আত্মসাতের অভিযোগ সম্পর্কিত একটি মামলার রায়ে গতকাল বৃহস্পতিবার ঢাকা বিভাগীয় বিশেষ জজ আদালত ঢাকা বিশ্ববিদ্যালয়ের ৪ জন প্রকৌশলীসহ ৫ জনকে বিভিন্ন মেয়াদে কারাদন্ডের আদেশ দিয়েছেন।

আদালতের উদ্ধৃতি দিয়ে দুর্নীতি দমন বিভাগের কর্মকর্তারা জানান,

শেষ পৃষ্ঠায় ৮ম কলামে

ঢাকা ভার্সিটির

প্রথম পৃষ্ঠার পর

সাজাপ্রাপ্তরা হচ্ছেন ঢাকা বিশ্ববিদ্যালয়ের প্রকৌশলী মোহাম্মদ আলী ও নির্বাহী প্রকৌশলী আবদুল মতিনকে ২ বছর কারাদন্ড, ২৫ হাজার টাকা জরিমানা অনাদায়ে আরো ৩ মাস কারাদন্ড। সহকারী প্রকৌশলী আবদুল্লাহ সরকার ও উপ-সহকারী প্রকৌশলী শহীদুল হককে ১ বছর কারাদন্ড, ১০ হাজার টাকা জরিমানা অনাদায়ে আরো ১ মাসের কারাদন্ড। মেসার্স ইকবাল ইঞ্জিনিয়ারিংয়ের মালিক ইকবাল হোসেনকে ৩ বছর কারাদন্ড, ১০ লাখ টাকা জরিমানা অনাদায়ে আরো ১ বছর কারাদন্ড।

মামলার বিবরণে প্রকাশ, ১৯৮৭ সালে বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ ৪টি ৭৫ অশ্বশক্তি সম্পন্ন সাবমারসিবল পাম্প সেট ক্রয়ের আন্তর্জাতিক দরপত্র আহবান করে। শর্ত ছিল পাম্পগুলো ২ কিউসেক ৭৫ অশ্বশক্তির ২৫০ হেড ক্ষমতা সম্পন্ন বিদেশী পাম্প হতে হবে এবং ১ বছরের সার্ভিস গ্যারান্টি থাকতে হবে। এ সম্পর্কিত দরপত্র প্রথমবার বাতিল করে দ্বিতীয় দফায় স্থানীয় দরপত্র আহবান করা হয়। ৪টি ফার্ম দরপত্রে অংশগ্রহণের পর মেসার্স ইকবাল ইঞ্জিনিয়ারিং ওয়ার্কস ২২ লাখ ৯২ হাজার টাকার সর্বনিম্ন দরদাতা হিসেবে কার্যাদেশ লাভ করে। পরবর্তীতে সাজাপ্রাপ্ত আসামীরা ঠিকাদারের সাথে যোগসাজশে ৪টি নিম্নমানের পুরনো এবং জোড়াতালি দেয়া পাম্প সরবরাহ করে ২২ লাখ ৯২ হাজার টাকার বিল দাখিল করা হয়। এ ব্যাপারে ৯ লাখ ৮২ হাজার টাকা উত্তোলন করে সাজাপ্রাপ্তরা আত্মসাত করেছে বলে আদালতে প্রমাণিত হয়েছে।

মামলাটি দুর্নীতি দমন বিভাগের এসিও সাজ্জাদ হোসেন তদন্ত শেষে অভিযোগপত্র দাখিল করেছেন।